67

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 27 JAN 1994
পৃষ্ঠা ৪ কলাম ৪

## কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় ত্রুটি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে সম্প্রতি প্রথম বর্ষ (অনার্স) ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। এ বিজ্ঞপ্তিতে একটি ত্রুটি রয়েছে, যা দেখতে ছোট হলেও এর প্রভাব অত্যন্ত ভয়াবহ এবং উচ্চতর কৃষি শিক্ষার প্রতি একটি চ্যালেঞ্জ। সবার মাঝে এখন ভয় জন্মাচ্ছে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃষিবিজ্ঞান নিলে কোথাও ভর্তি হওয়া যাবে না। সকলের মাঝে কৃষি বিজ্ঞানের প্রতি ঘৃণা সৃষ্টি হচ্ছে। এর জন্য দায়ী কে? উচ্চ মাধ্যমিক থেকে কৃষি বিজ্ঞান উঠিয়ে দেয়ার চেষ্টা, কিসের আলামত? শুধু ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত কৃষি বিজ্ঞানের অ,আ, ক, খ, পড়িয়ে পরবর্তীতে কৃষি বিজ্ঞান পড়ার পথ বন্ধ করে দেয়া কিসের ইঙ্গিত? স্কুলে কৃষি বিজ্ঞান পড়ানো কি শুধুই মানুষ দেখানো? সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি ভেবে দেখবেন।

**নিলুফা আক্তার**
১২০, সুলতানা রাজিয়া হল
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ।